

মরোক্কো সফরে উপ রাষ্ট্রপতি (মে ৩০- জুন ০১, ২০১৬)

মাননীয় উপ রাষ্ট্রপতি শ্রী এম হামিদ আনসারি, সঙ্গী শ্রীমতি সালমা আনসারিকে নিয়ে মরোক্কো সরকারের প্রধান মহামান্য জনাব আবদেলিলাহ বেনকিরেনে-এর আমন্ত্রণে মে ৩০ থেকে জুন ০১, ২০১৬ মরোক্কো সফর করবেন। তাঁর সফরসঙ্গী হবেন রাসায়নিক ও সার মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী শ্রী হংসরাজ গঙ্গারাম অহির, সংসদের চার সদস্য, উর্ধ্বতন কর্মকর্তা এবং সংবাদমাধ্যম।

এই সফর দু'দেশের মধ্যে আন্তরিক সম্পর্ককে আরও শক্তিশালী করবে, দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্রটিকে আরও বৈচিত্রপূর্ণ এবং উন্নত করবে এবং সাধারণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিস্তৃত সহযোগিতা এবং অংশীদারিত্বের বিষয়ে নতুন পস্থা অন্বেষণে সচেষ্ট হবে।

সফরকালে মাননীয় উপ রাষ্ট্রপতি রাবাত-এ মহামান্য রাজা মহম্মদ VI এবং মহামান্য প্রধানমন্ত্রী আবদেলিলাহ বেনকিরেনে-এর সঙ্গে বৈঠক করবেন। মরোক্কো পার্লামেন্টের উভয় কক্ষের স্পিকার এবং মরোক্কোর বিদেশ ও সহযোগিতা মন্ত্রীর সঙ্গে কথা বলবেন। সফরের দ্বিতীয়ভাগে মাননীয় উপ রাষ্ট্রপতি মারাকেশের গভর্নরের অতিথি হিসাবে মারাকেশ শহর পরিদর্শন করবেন।

উপ রাষ্ট্রপতি এবং মরোক্কোর প্রধানমন্ত্রী যৌথভাবে রাবাত-এ উদ্বোধন করবেন ভারত-মরোক্কো চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-র, যেখানে প্রবাসী ভারতীয়রা তাঁর সঙ্গে বাক্যালাপ করবেন। সফর চলাকালীন উপ রাষ্ট্রপতি নেতৃস্থানীয় বুদ্ধিজীবী এবং মরোক্কোর ইমামদের সঙ্গে বৈঠক করবেন এবং সেই সঙ্গে মহম্মদ V বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখবেন।

নয়াদিল্লি

মে ২৬, ২০১৬